

■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউভেশন)

হাদিস নাম্বারঃ ১২৮৭

১৩/ সাহু (كتاب السهو)

পরিচ্ছেদঃ ৪৮/ নামাযে আল্লাহর মহাত্ন্যু বর্ণনা করা ও নবী (ﷺ) এর উপর দুরুদ পাঠ করা।

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، قَالَ حَدَّثَنَا ابْنُ وَهْب، عَنْ حَيْوَةَ بْنِ شُرَيْحٍ، عَنْ أَبِي هَانِئٍ، أَنَّ أَبَا عَلِي الْجَنْبِيَّ، حَدَّثَهُ أَنَّهُ، سَمِعَ فَضَالَةَ بْنَ عُبَيْد، يَقُولُ سَمِعَ رَسُولُ اللَّهِ صلى الله عليه عليه وسلم رَجُلاً يَدْعُو فِي صَلاَتِهِ لَمْ يُمَجِّدِ اللَّهَ وَلَمْ يُصَلِّ عَلَى النَّبِي صلى الله عليه وسلم فَقَالَ رَسُولُ النَّهِ صلى الله عليه وسلم " عَجِلْتَ أَيُّهَا الْمُصَلِّي " . ثُمَّ عَلَمَهُمْ رَسُولُ النَّهِ صلى الله عليه وسلم وَسَمِعَ رَسُولُ النَّهِ صلى الله عليه وسلم وَمَجَّدَ اللَّهُ وَمَهِ الله عليه وسلم رَجُلاً يُصَلِّي فَمَجَّدَ الله وَلَا الله عليه وسلم وَسَمِعَ رَسُولُ النَّهِ صلى الله عليه وسلم وَحَمِدَهُ وَصَلَّى عَلَى النَّبِي صلى الله عليه وسلم فَقَالَ رَسُولُ النَّهِ صلى الله عليه وسلم النَّهِ صلى الله عليه وسلم " ادْعُ تُجَبْ وَسَلْ تُعْطَ " .

বাংলা

১২৮৭। মুহাম্মদ ইবনু সালামা (রহঃ) ... ফাজালা ইবনু উবায়দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে সালাতে দোয়া করতে শুনলেন সে ব্যক্তি আল্লাহর প্রশংসাও করল না এবং রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর দরুদও পড়ল না। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, হে মুসল্লী! তুমি দোয়া খুব তাড়াতাড়ি করে ফেলেছ।

তারপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম মুসল্লীদের দোয়া শিক্ষা দিলেন। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে দেখলেন, সে সালাত আদায় করল এবং আল্লাহ্ তাআলার মাহাত্ম্য বর্ণনা করল, তার প্রশংসা এবং রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম এর উপর দরুদ পাঠ করল। তখন রাসুলুল্লাহ্ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম (তাকে) বললেন, তুমি দোয়া কর, তা কবুল করা হবে এবং আল্লাহর কাছে চাও, তোমাকে দেওয়া হবে।

English

Fadalah bin Ubaid said:



"The Messenger of Allah (ﷺ) heard a man supplicating during the prayer without glorifying Allah (SWT) nor sending salah upon the Prophet (ﷺ). The Messenger of Allah (ﷺ) said: 'You are in a hurry, O worshipper.' Then the Messenger of Allah (ﷺ) taught them. And the Messenger of Allah (ﷺ) heard a man praying; he glorified and praised Allah (SWT) and sent salah upon the Prophet (ﷺ). The Messenger of Allah (ﷺ) said: 'Supplicate, you will be answered; ask, you will be given.'"

ফুটনোট

সহিহ, তিরমিয়ী হাঃ ৩৭২৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ফাযালা ইবন উবায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন